# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র এপ্রিল ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রকিবুল হাসান
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৭-০৪-২০২৫ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:৩০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, রংপুর বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় এর আওতায় Constraction of 35m Long RCC Variable Girder Bridge Over Lacchi Khal on Sinua R&H Talpukur Road এর অনুমোদন পাওয়ার পর Tendering কাজ সম্পন্ন করা হয়েছে এবং ঠিকাদারের সহিত চুক্তি সম্পন্ন হয়েছে। Xen, Lged Thakurgaon এর সহিত বর্ণিত নির্মাণ স্থলে ০১ টি জরাজীর্ণ ব্রীজ রয়েছে, তা জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন।<br>তিনি আরও জানান, ৭ নং হাজীপুর ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবন নির্মাণ স্থলে ০২ টি গাছ রয়েছে। যার প্রাক্কলন বন বিভাগ থেকে পাওয়া গেছে। গাছ ০২ টি জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) উক্ত জরাজীর্ণ ব্রীজটি নিলামকরণের জন্য উপজেলা নিলাম কমিটি গঠন করে দেওয়া হবে। সেই কমিটি নিলাম কার্যক্রম সম্পন্ন করবেন। সিদ্ধান্তটি বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>২) ঠিকাদার গাছ ০২ টি কেটে ৭ নং হাজীপুর ইউনিয়ন ভূমি অফিসে জমা দিবেন এবং নিলাম কমিটির মাধ্যমে তা পরবর্তীতে নিলামের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। সিদ্ধান্তটি বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | **উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৮৩১ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪,৭৬৯ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,২০৩ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬১ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪২৫ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৪২ জনকে। ৩৬ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। কোটা আন্দোলন ভর্তিকৃত চিকিৎসা গ্রহণ করেছেন ২১ জন। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে ও সেবার মান বৃদ্ধি করতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,৬৭২ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৯০৬ জন, (৩) খাবার বড়ি - ২৩,৫৫৭ জন (৪) কনডম- ২,৩০৮ জন (৫) ইনজেকটেবলস্ (ভায় মোট- ৮,০৩৪ (৬) আইইউডি- ০৪ (৭) ইমপ্ল্যানন- ০৯ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৩৮৫ জন (১১) ডেলিভারী (নতুন)- ০৭ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১৬% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় ২০২৪-২৫ অর্থ বছররে খরিপ- ১ মৌসুমে ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চলমান খরিপ- ১ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় ৩৫০ বিঘা জমির জন্য **মুগডাল** বরাদ্দ পাওয়া গেছে। যাহা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে বীজ- ৫ কেজি, ডিএপি সার- ১০ কেজি, এমওপি সার- ৫ কেজি জন প্রতি বিএডিসি হতে প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। ইতমধ্যে মুগডাল কৃষক তালিকা সম্পন্ন করা হয়েছে।<br>২০২৪-২৫ অর্থ বছররে খরিপ- ১ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় ২০০০ বিঘা জমির জন্য আউশ ধান বরাদ্দ পাওয়া গেছে। যা, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে বীজ- ৫ কেজি, ডিএপি সার- ১০ কেজি, এমওপি সার- ১০ কেজি জন প্রতি বিএডিসি হতে প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। কৃষক তালিকার কার্যক্রম চলমান আছে। চাষী ফসলের মাঠ পর্যায়ে কৃষি বিভাগ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। এডিপি হতে উপ-প্রকল্পের বরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো।<br>চলমান খরিপ- ১ মৌসুমে কৃষি প্রনোদনা আওতায় ১৫০ বিঘা জমির জন্য পাট বীজ বরাদ্দ পাওয়া গেছে। যা, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে বীজ- ১ কেজি, ডিএপি সার- ৫ কেজি, এমওপি সার- ৫ কেজি জন প্রতি বিএডিসি হতে প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। ইতমধ্যে পাটবীজ কৃষক তালিকা সম্পন্ন করা হয়েছে ও বিতরণ করা হয়েছে। উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়নে কার্ড বিতরণ চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রম ঃ ২৭২<br>২। গবাদিপশুর টিকা প্রদান ঃ ৪৯৬০<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদান ঃ ৬০০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদান ঃ ১৫৫৯<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান ঃ ১৩০৪২<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা ঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদান ঃ ৫০<br>৮। মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান ঃ ৩৫<br>৯। উঠান বৈঠকের আয়োজন ঃ ০৭<br>১০। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন ঃ ১০ | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মার্চ/২৫খ্রিঃ মাসে ২১ (একুশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) কর্তৃক পালিগাঁও বিল মৎস্য অভয়াশ্রম পুন:খনন কার্যক্রম অব্যাহত রয়েছে। পুন:খননের সময় মৎস্য অভয়াশ্রম তথা মাছের যেন ক্ষতি না হয়, সেজন্য বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। শুষ্ক মৌসুমে কদমতলী মৎস্য অভয়াশ্রমের পানির গভীরতা অনেক কম (গড় গভীরতা ০৪ ফুট)। পুন:খননের মাধ্যমে পানির গভীরতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের এডিপি ফান্ড বরাদ্দের অনুরোধ করা হয়। টাঙ্গন নদীতে বিভিন্ন জায়গায় ঝোঁপ-ঝাড় ও বাঁশ দিয়ে কাঁঠা যেন স্থাপন না করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ করা হয়। উল্লেখ্য যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী, নদী-নালা, খাল-বিলে ঝোপঝাড়, বাঁশ ইত্যাদি দ্বারা কাঁঠা তৈরি করে অস্থায়ী/স্থায়ী স্থাপনার মাধ্যমে অর্থাৎ গাড়া জাল, বেড় জাল, বানা ইত্যাদি মাধ্যমে মৎস্য আহরণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/ অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক কর্মচারীদের বেতন-ভতাদির অর্থ EFT- তে প্রেরণের লক্ষ্যে শিক্ষক-কর্মচারীদের যাবতীয় তথ্য অনলাইনে এন্ট্রির কাজ সমাপ্তির পর্যায়ে। জাতীয় টাইফয়েড টিকাদান কর্মসুচি (TCV) ক্যাম্পেইন কর্মসুচি-২০২৫ শিক্ষা প্রতিষ্ঠানে সফলভাবে উদযাপনের জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরুপন ও ঘাটতি পূরন-নিরাময়মূলক সহায়তার দিক নির্দেশনা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রদান করা হয়েছে। সমন্বিত উপবৃত্তি কর্মসুচির আওতায় | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১১শ ও আলিম ১ম বর্ষে উপবৃত্তিরযোগ্য শিক্ষার্থী তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির কাজ নির্দিষ্ট তারিখের মধ্যে সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত প্রথম প্রান্তিক মূল্যায়ন আগামী ০৫/০৫/২০২৪ খ্রি. শুরু হবে। আন্তঃজেলা (একই বিভাগের অভ্যন্তরে) সহকারী শিক্ষকগণ অনলাইন বদলি ১৭/০৪/২০২৫ থেকে ১৯/০৪/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবেন। ক) প্রধান শিক্ষকগনণ সহকারী শিক্ষকদের আবেদনগুলো ২০/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে যাচাই বাছাই করবেন। খ) উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারগণ আবেদনগুলো ২১/০৪/২০২৫ খ্রি. হতে ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে যাচাই বাছাই করবেন। গ) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ আবেদনগুলো ২৪/০৪/২০২৫ খ্রি. হতে ২৫/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে যাচাই বাছাই করবেন। প্রতিটি স্কুল সংলগ্ন এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গ, জনগনের প্রতিনিধি এবং মাঠপর্যায়ের কর্মকর্তাবৃন্দ নিয়মিত বিদ্যালয়ের খোঁজখবর রাখলে প্রাথমিক শিক্ষা অনেক দূর এগিয়ে যাবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল বোরো/ফলিত ২৪ : ২৮৪.৮৩৪ মে:টন, চাল আমন/২৪-২৫ : ২৩৬৭.১৩০ মে:টন। সর্বমোট চাল ২৬৫১.৯৬৪ মে: টন, ধান আমন/২৪-২৫: ১৯৮.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ১৯,৩০৯ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২৪ : ৪৩৪.৭৫৫ মে:টন, চাল আমন ২৪-২৫ : ৪১৮.১১০ মে:টন। সর্বমোট চাল ৮৫২.৮৬৫ মে: টন ও সর্বমোট খালি বস্তা ২৩,১৭৭ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম ও ২য় পর্যায় টি.আর, কাবিখা'র তালিকা অনুমোদন পাওয়া গেছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি আবেদন প্রক্রিয়াধীন।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি :** ২০২৪-২০২৫ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই ২০২৪ হতে মার্চ ২০২৫ পর্যন্ত ০৯ মাসের মোট ৮৬৪ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে।<br>**৩) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২৩-২০২৪ অর্থবছরে ০৮ জন ঋণ গ্রহিতাকে ২,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, সদর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক রাজস্বখাতের অধীনে "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে এপ্রিল/২৫ হতে জুন/২৫ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। বর্তমানে ৩০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৫ হতে ৪র্থ ব্যাচ এর ক্লাব কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ক্লাবে ১০ জন কিশোর ও ২০ জন কিশোরী ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ১৮ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**৬) উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপঃ সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১. PEDP-4 প্রকল্পের ১২ টি প্যাকেজের মধ্যে ০৭ টির কাজ সমাপ্ত। বাকি ৫টির কাজ চলমান।<br>২. GPS-1 প্রকল্পের ০২ টি প্যাকেজের মধ্যে ০২ টির কাজ সমাপ্ত।<br>৩. NNGPS প্রকল্পের ০১ টি প্যাকেজের মধ্যে কাজ চলমান।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৪ টি। ইতিমধ্যে ২০২৩-২০২৪ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৫০ টি। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। বর্তমান অর্থ বছরে (২০২৩-২৪) অডিট ফি (রাজস্ব) ২৬৪৪০/- টাকা এবং সরকারি ভ্যাট ৩৯৬৬/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১১৫৬৯৬/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিস চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১১৩০৩৭৯/- টাকা এবং সার্ভিস চার্জ ৯২০২৮/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৭০%।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>২৩৭০০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আদায়</td><td>১৪৭৩৭৮০/-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণীর সংখ্যা</td><td>৬৬ জন</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৩৯০জন</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আত্নকর্মি</td><td>৫০জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬৫১৬২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৬১৯৬৫৭২৫/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৯০০০৫৭৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৬৩২ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিতপ্রশিক্ষণপ্রাপ্ত</td><td>১০২৫৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৮৮২ জন</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৮.৩৩</td><td>০.১০</td><td>১২৮.৭০</td><td>১৪১.৩২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>০.৬৮</td><td>৬৭.৫২</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>০.৭৮</td><td>২১৯.৩৪</td><td>২০৫.৩০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকুপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় শাক-সবজিসহ বিভিন্ন জাতের রবি শস্য রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০,৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির (জিডিজেআইপি) অন্যান্য কার্যক্রমের মধ্যে পাঁচটি সরকারী পুকুর খননের কাজ চলমান রয়েছে, দুইটির কাজ শেষ হয়েছে এবং দক্ষিন নওপাড়া গোসালী পুকুর, বথপালিগাঁও মাৎস্য অভয়াশ্রম ও বথপালিগাঁও বিল নার্সারী পুকুর খননের জন্য উপজেলা মৎস্য দপ্তর থেকে প্রস্তাব পাওয়া গেছে। পুকুরগুলির খনন কাজ শেষ পর্যায়ে। তাছাড়াও উল্লেখিত প্রকল্পের আওতায় ১০ (দশ) টি এলএলপি স্থাপনের এবং ১২ (বার) টি সেচযন্ত্রের ৫৯০ মিটার সেচ নালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। সেচযন্ত্র পূর্নঃবাসন প্রকল্পের আওতায় দুইটি সেচযন্ত্রের পূর্নঃবাসন কাজ চলমান রয়েছে। চলতি মাসে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য সেচযন্ত্রগুলির অপারেটর নিয়োগ কার্যক্রম শেষ হয়েছে। এই অর্থ বছরে ইআইইসি প্রকল্পের আওতায় ০৮ (আট) টি সেচযন্ত্রের ৫০০ মিটার সেচনালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ</td><td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিদ্যুৎ বিল সরকারি রাজস্ব হওয়ায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকল শ্রেণীর গ্রাহককে অবহিত করা হয়েছে এবং সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চালু রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের অধীন পীরগঞ্জ উপজেলার প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, সরকারি অফিস এবং কমিউনিটি ক্লিনিকে বিনামূল্যে Wi-Fi Router (০১ টি), ONU (০১ টি), TJ BOX (০১ টি), Fiber Patch Cord (০১ টি), Fiber Cable (১৫০০ মিটার) প্রদান করা হচ্ছে। এই পর্যন্ত সংযোগ প্রদানের পরিসংখ্যান নিম্নরূপ ঃ<br>১. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর = ৯০ টি<br>২. মার্ধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর = ৪০ টি<br>৩. ভূমি সংস্কার বোর্ড = ০৪ টি<br>৪. স্বাস্থ্যসেবা অধিদপ্তর = ১২ টি<br>"হারপাওয়ার" শীর্ষক প্রকল্পের ১ম, ২য় ও ৩য় পর্যায়ের প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে। পীরগঞ্জ উপজেলার মোট ১৮৫ জন প্রশিক্ষণার্থী একটি করে core i-5 ল্যাপটপ ও ভাতা পেয়েছেন। উপজেলার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টালের আলফা নিউমেরিক পাসওয়ার্ড প্রতি মাসে পরিবর্তন করে নতুন পাসওয়ার্ড দেওয়ার বিষয়ে আলোকপাত করেন। আইসিটি দপ্তরে যোগাযোগ করে ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়টি তুলে ধরা হয়। SET Centre (উপজেলা আইসিটি অফিস) এর নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও দাপ্তরিকঅন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আইসিটি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার এবং ১৭ কমিটির সভা আয়োজনের বিষয়ে নির্দেশনা রয়েছে। ওয়েব পোর্টালে ১৭ কমিটির কার্যবিবরণী ব্যতীত অন্যান্য ডকুমেন্টস হালনাগাদ রয়েছে। তাই, ১৭ কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান, ইউজিডিপি ২য় ফেইজের জন্য জলবায়ু অভিযোজন এবং জেন্ডার বিষয়ক প্রকল্প বাছাই করে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উদ্যোগ গ্রহণের জন্য আহবান জানান। | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদকরণসহ বিধি মোতাবেক ও সিডিউল অনুযায়ী ১৭ টি স্থায়ী কমিটির সভা আয়োজন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) ইউডিএফ<br>২) সি.এ. উপজেলা পরিষদ কার্যালয়, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা'র প্রতিনিধি সভায় জানান যে, মোট ৪৫০ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭।৪।২৫

(মোঃ রকিবুল হাসান)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৫-১৬(৫০)

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২ / ১৭ এপ্রিল ২০২৫

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,..................................................।

১৭।৪।২৫

(মোঃ রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

### সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | চেয়ারম্যান (প্যানেল), ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান (প্রতিনিধি), ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | উপঃ সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | সহকারি প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ২৬ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা আইসিটি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৮ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ২৯ | তথ্যসেবা আপা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

## সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | অনুপস্থিত |
| ২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | অনুপস্থিত |

(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)